

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা।

বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুমোদনের নিমিত্ত বাজেট ব্যবস্থাপনা কর্মটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ, সময় ও স্থান : ৯ মে ২০১৯, বেলা ১২ টা, মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিত কর্মকর্তার স্বাক্ষর : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে যুগ্ম সচিব ড. মোঃ এনামুল হক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত মন্ত্রণালয়/বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা, পরিপত্র ও নির্দেশিকায় বর্ণিত ক্যালেন্ডার অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের জন্য কিভাবে এপিএ'র খসড়া প্রণয়ন করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। বিশেষ করে নির্দেশিকায় নির্বাচনী ইস্তহার-২০১৮ তে বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০২১ ও স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গৃহীত ৪র্থ সেক্টর প্রোগ্রামের আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের নির্দেশনা রয়েছে। সে আলোকে ২০১৯-২০ অর্থ বছরের এপিএ'র খসড়ায় ৮টি কৌশলগত উদ্দেশ্য ও ২৮টি কার্যক্রমের আলোকে মোট ৭৬টি সূচক নির্ধারণ করা হয়েছে।

২। সভায় উপস্থিত স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের মহাপরিচালক ড. মোঃ শাহাদাত হোসেন মাহমুদ প্রণয়নকৃত এপিএ তে যে সকল ডাটা ব্যবহার করা হয়েছে সে সকল তথ্য কোন কোন সোর্স থেকে নেয়া হয়েছে তা জানতে চান। সে প্রেক্ষিতে যুগ্ম সচিব (বিশ্বস্বাস্থ্য) জনাব মোঃ খলিলুর রহমান বলেন খসড়া এপিএ'র বেশিরভাগ ডাটা এসভিআরএস থেকে নেয়া হয়েছে। তিনি আরও বলেন খসড়া এপিএ'র সংযোজনী-২ তে ডাটা ব্যবহারের সোর্সের বিস্তারিত তথ্য সম্পৃক্ত করা হয়েছে।

৩। স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) জনাব মোঃ হাবিবুর রহমান খান উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান/এপিএ'র ফোকাল পার্সনকে প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সূচকের কোন পরিবর্তন/সংশোধন করার প্রয়োজন হলে সে বিষয়ে মতামত প্রদানের আহ্বান জানান। এর পরিপ্রেক্ষিতে সভায় বিভিন্ন সূচকের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠান প্রধান/এপিএ ফোকাল পার্সনগন কিছু কিছু সূচকের বিভিন্ন তথ্য ও ভাষাগত পরিবর্তনের সুপারিশ করেন। সুপারিশকৃত পরিবর্তনগুলো নিম্নরূপ:


- সূচক ১.৫.৩ এর ঔষধ প্রশাসন আইনের স্থলে “ঔষধ আইন” প্রতিস্থাপিত হবে;
- কর্মসম্পাদনের সার্বিক চিত্রে ভবিষ্যত পরিকল্পনায় ১০৩৯টি কমিউনিটি ক্লিনিকের স্থলে ১০২৯টি কমিউনিটি ক্লিনিক প্রতিস্থাপিত হবে;
- কর্মসম্পাদনের সার্বিক চিত্রে সাম্প্রতিক ৩ বছরের অর্জনসমূহের বর্ণনায় ৫০০০ চিকিৎসক নিয়োগ প্রক্রিয়া শেষ পর্যায়ের কথাটির সার্বিক পরিবর্তে “আরও ৪৭৯২ জন চিকিৎসক নিয়োগ চূড়ান্ত পর্যায়ে” প্রতিস্থাপিত হবে;
- অন্যান্য বিষয় ও তথ্যসমূহ যথাযথ আছে বলে সভায় মত প্রকাশ করা হয়;
- সভায় সকলের মতামত/আলোচনা ও পর্যালোচনা শেষে নানা বিষয়ে উপস্থাপিত সংশোধনী মোতাবেক প্রণীত খসড়া চুক্তি তাৎক্ষণিকভাবে সংশোধন করে ২০১৯-২০ অর্থ বছরের চুক্তি সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়। এপিএ ক্যালেন্ডার অনুযায়ী আগামী ১২ মে ২০১৯ এর মধ্যে চূড়ান্ত খসড়াটি আবশ্যিকভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত হয়।

৪। সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
অঃপঃসঃ

নং ৪৫.১৩৯.০২০.০০.০০.০০১.২০১৮- ৬৭০
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

তারিখঃ ১৫-০৫-২০১৮খ্রিঃ


(ড. মোঃ এনা মুল হক)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/পরিকল্পনা কমিশন/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। উপসচিব (শংখলা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ১০। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। সহকারী সচিব (সিবিএমই), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।